# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগরভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নংঃ- ৪৬.৪৪.৬৭০০.০০৪.০০৬(২).২১.১৫.১৮৫ তারিখঃ ১৭/০৫/২০১৮ খ্রি.

## জনতার মুখোমুখি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

অনুষ্ঠানের তারিখ ঃ ২৩-০৪-২০১৮ খ্রি.।
অনুষ্ঠানের সময় ঃ বিকাল ০৩.০০ ঘটিকায়।
অনুষ্ঠানের স্থান ঃ এন.সি.সি প্রাঙ্গন।

উপস্থিত ছিলেন ঃ **ডাঃ সেলিনা হায়াৎ আইভী**
মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
এবং
এনসিসি'র কাউন্সিলরবৃন্দ।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে চলমান সিটি গভার্নেন্স প্রকল্প (সিজিপি) এর কার্যক্রম হিসাবে জনগনের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিদা নিশ্চিতকরণের লক্ষ্যে "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠান আয়োজন করেন। এ কর্মসূচীতে কয়েক হাজার বিভিন্ন পেশা ও বয়সের সম্মানিত নাগরিক এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত হন। বিকাল ৩.০০ ঘটিকায় মাননীয় মেয়র, কাউন্সিলরবৃন্দ ও সম্মানিত নাগরিকগণের আসন গ্রহণের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন ডাঃ সেলিনা হায়াৎ আইভী, মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। অতঃপর নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের বিগত ৫ বছরের উন্নয়ণ প্রতিবেদন প্রদর্শন ও উপস্থাপন করেন জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী, এন.সি.সি।

এ পর্যায়ে জনগনের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিদা নিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠানের মূল পর্ব "প্রশ্নোত্তর পর্ব" শুরু হয়। পশ্নোত্তর পর্বের সঞ্চালক হিসাবে দায়িত্ব পালন করেন জনাব মোঃ মঈনুল ইসলা, নগর পরিকল্পনাবিদ, এন.সি.সি।

**অংশগ্রহণকারী -১ঃ জনাব প্রজা রানী দাস, ঋষিপাড়া সিডিসি, ওয়ার্ড নং- ২১, এনসিসি।**

**প্রশ্নঃ- কদমরসুল এলাকার ১০০ ফিট রাস্তায় চলমান ব্রিজগুলো শেষ হতে কত দিন লাগবে?**

**জবাবঃ-** ১০০ ফিট সড়কের চলমান ব্রিজগুলো মামলার কারনে কাজ বন্ধ ছিল। বর্তমানে মহামান্য হাইকোর্ট বিভাগে চলমান মামলার স্থিতি আদেশ নিষ্পত্তি হয়েছে। ফলে পূনরায় কাজ শুরু হয়েছে। আশা করি আগামী বছরের মধ্যে এ কাজ সমাপ্ত হবে মর্মে মাননীয় মেয়র জানান।

অংশগ্রহণকারী -২ঃ জনাব মোঃ আতিকুর ইসলাম, ১০৮ শাহসূজা রোড, পাইকপাড়া, নারায়ণগঞ্জ।

প্রশ্নঃ- শুধু মাত্র আর্মি/পুলিশ দিয়ে জঙ্গিবাদ প্রতিহত করা সম্ভব নয়, মর্মে অভিমত ব্যাক্ত করে তিনি বলেন যে, প্রতি ওয়ার্ডে ওয়ার্ডে পাঠাগার নির্মাণ প্রয়োজন। এ বিষয়ে এন.সি.সি কোন পদক্ষেপ গ্রহণ করবে কিনা।

জবাবঃ- মাননীয় মেয়র সময়োপযোগী বিষয় উপস্থাপনের জন্য প্রশ্নকারীকে ধন্যবাদ জানান এবং পাঠাগার নির্মাণের মহল্লা ভিত্তিক উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান। এক্ষেত্রে মহল্লাবাসীর আবেদনের প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বইপত্র/আসবাবপত্র ক্রয় সহ প্রয়োজনীয় সহযোগীতার আশ্বাস প্রদান করেন।

অংশগ্রহণকারী -৩ঃ জনাব শাহানাজ বেগম, নয়াপাড়া, নারায়ণগঞ্জ।

প্রশ্ন ঃ- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতায় নারীর ক্ষমতায়নের কাজ চলমান রয়েছে। এ কাজকে আরও বেগবান করার লক্ষ্যে "মহিলা কমপ্লেক্স" নির্মাণ করা হবে কিনা?

জবাবঃ- মাননীয় মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন জানান যে, মহিলা কমপ্লেক্স নির্মাণ করার পরিকল্পনা রয়েছে। এ কমপ্লেক্স নির্মাণ করার জন্য যথোপযুক্ত স্থানের অভাব রয়েছে। তিনি আশা প্রকাশ করেন অতি দ্রুতই এ সীমাবদ্ধতা কাটিয়ে মহিলা কমপ্লেক্স নির্মাণ করা সম্ভব হবে।

অংশগ্রহণকারী -৪ঃ জনাব তারিক বিন ইউসুফ, ১৮ সোহ্‌ওয়ার্দী রোড, নারায়ণগঞ্জ।

প্রশ্নঃ- অবৈধ ভাবে অটো রিক্সা চলছে এবং যত্রতত্র পার্কিং এর ফলে যানযট সৃষ্টি হচ্ছে উল্লেখ করে তিনি জানতে চান যে, এ বিষয়ে এ.সি.সি কোন পদক্ষেপ গ্রহণ করবে কিনা?

জবাবঃ- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন প্রতিদিন অবৈধ রিক্সা আটক করছে। ঈদের পরে এই কার্যক্রম আরও নিবিড় করা হবে। যানযট নিরসনে আইন-শৃঙ্খলা বাহিনীকে আরও কার্যকর পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।

অংশগ্রহণকারী -৫ঃ জনাব হাবিবুর রহমান, হিরাঝিল ১ নং সড়ক, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।

প্রশ্নঃ- মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের কারনে বেওয়ারিশ কুকুর নিধন সম্ভব হচ্ছে না। কিন্তু নগরবাসী কুকুরের যন্ত্রণায় অতিষ্ট বলে উল্লেখ করে তিনি মহামান্য আপিল বিভাগে আইনগত পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।

জবাবঃ মাননীয় মেয়র জানান যে, মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের কারনে আপাতত কোন আইনগত পদক্ষেপ গ্রহণ ও কুকুর নিধন সম্ভব নয়।

**অংশগ্রহণকারী -৬ঃ ডা. জি.এম. জব্বার চিশতী, কল্যানী সেবা প্রতিষ্ঠান, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ- জিমখানা লেক এর কাজ আরও দ্রুত্য বাস্তবায়ন করা সম্ভব কিনা?**

**জবাবঃ** মাননীয় মেয়র জানান যে, প্রভাবশালী মহলের প্রভাবের কারনে শেখ রাসেল পার্ক নির্মাণ কাজের গতি কিছুটা কমে ছিল। বর্তমানে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এ সকল সমস্যা কাটিয়ে উঠেছে ফলে এখন দ্রুত বাস্তবায়ন করা সম্ভব হবে।

**অংশগ্রহণকারী -৭ঃ জনাব মোঃ আরিফ বুলবুল, ১২ ভাষা সৈনিক সড়ক, চাষাড়া, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের এডভেঞ্চারল্যান্ড পার্কের প্রবেশ মূল্য কমানোর দাবী জানান।**

**জবাবঃ** এন.সি.সি এডভেঞ্চারল্যান্ড পার্কের সুযোগ-সুবিধা বৃদ্ধি, সেবার মান উন্নয়ণ ও প্রবেশ মূল্য কমানোর বিষয়ে ইতোমধ্যে কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির সুপারিশ এর ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষে গ্রহণ করা হবে।

**অংশগ্রহণকারী -৮ঃ জনাব শাহিনা সুলতানা, ৩১ সোনাবিবি রোড, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ সোনাকান্দা স্টেডিয়াম সংস্কার করা হবে কিনা, জানতে চান?**

**জবাবঃ** মাননীয় মেয়র বলেন যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বিজয় দিবস উদযাপনের অংশ হিসাবে কাউন্সিলর বনাম কর্মকর্তা/কর্মচারী প্রীতি ফুটবল ম্যাচ আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে আমি বলেছিলাম সোনাকান্দা স্টেডিয়ামকে জাতীয় মানে নির্মাণ করার লক্ষ্যে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কাজ করছে। ইতোমধ্যে সোনাকান্দা স্টেডিয়ামের ড্রইং ও ডিজাইন কাজ শেষ করা হয়েছে। আগামী কিছুদিনের মধ্যেই টেন্ডারের মাধ্যমে সোনাকান্দা স্টেডিয়ামের বাস্তবায়ন কাজ শুরু হবে।

**অংশগ্রহণকারী -৯ঃ জনাব হানিফুল কবির, শহিদনগর, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ শহিদনগর ব্রিজ এর কাজ শেষ হতে কতদিন লাগবে এবং শীতলক্ষ্যা খালের উভয় পাশে ওয়াকওয়ে নির্মাণ করা হবে কিনা?**

**জবাবঃ** মাননীয় মেয়র এ প্রশ্নের জবাবে বলেন যে, বর্তমানে শহিদনগর ব্রিজ এর কাজ পুরো উদ্যোমে চলমান রয়েছে, আশা করি আগামী অর্থবছরের মধ্যে এ ব্রিজ সম্মানিত নাগরিকের চলাচলের জন্য উন্মুক্ত করতে পারবো। এ ব্রিজের নির্মাণ কাজ শেষ হলে শীতলক্ষ্যা খালের উভয় পাশে ওয়াকওয়ে নির্মাণের টেন্ডার করা হবে।

**অংশগ্রহণকারী -১০ঃ জনাব মোঃ শাখাওয়াত হোসেন, ৫৪ উইলসন রোড, কদমরসূল, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ এন.সি.সি'র দুইপাড়ের সংযোগ হিসাবে সেতু নির্মাণের পরিকল্পনা আছে কি?**

**জবাবঃ** শীতলক্ষ্যা নদীর উপর সেতু নির্মাণের দায়িত্ব সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়। কিন্তু জনগনের সমস্যা বিবেচনা করে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কদম রসুল সেতু নির্মাণের পদক্ষেপ ও

সরকাররের সাথে যোগাযোগ রক্ষা করছে। এ বিষয়ে কিছু অগ্রগতি আছে, যা আপাতত প্রকাশ করতে চাই না।

**অংশগ্রহণকারী -১১ঃ জনাব মোঃ আব্দুল আহাদ, জালকুড়ি পশ্চিমপাড়া, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ ই-গর্ভানেন্স বাস্তবায়নের জন্য এন.সি.সি কি কি পদক্ষেপ গ্রহণ করেছে?**

**জবাব ঃ**ইতিমধ্যে ই-গর্ভানেন্স এর অধীনে সিটি কর্পোরেশনের কর আদায়, ট্রেড লাইসেন্স যথাক্রমে মিউনিসিপ্যাল ট্যাক্স সফটওয়্যার, মিউনিসিপ্যাল ট্রেড লাইসেন্স এর মাধ্যমে অটোজেনারেট করা হয়। এমনকি, হিসাবরক্ষন শাখা সকল কার্যক্রম মিউনিসিপ্যাল একাউন্টিং সফটওয়্যারের মাধ্যমে সম্পাদন করেন। অধিকন্তু ই-গর্ভানেন্স এর আওতায় সকল নাগরিকের মোবাইল নাম্বার নিবন্ধনের মাধ্যমে জরুরী ক্ষুদেবার্তা পাঠানো হয়।

**অংশগ্রহণকারী -১২ঃ জনাব তপন কুমার বিশ্বাস, শিক্ষক, রেবতী মোহন উচ্চ বিদ্যালয়।**

**প্রশ্নঃ সিটি কর্পোরেশন এলাকার খেলার মাঠ উন্নয়ণের কোন পরিকল্পনা আছে কিনা?**

**জবাব ঃ**এ প্রশ্নের জবাবে মাননীয় মেয়র, শিক্ষক মহোদয়কে ধন্যবাদ জানিয়ে বলেন যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার ২৬টি খেলার মাঠ, খাল ও জলাশয় সংরক্ষনের জন্য একটি প্রকল্প গ্রহণ করেছে। তিনি আশা প্রকাশ করেন যে, ২০১৮খ্রি. মধ্যেই এ প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হবে।

**সমাপনী বক্তব্যঃ** মেয়র মহোদয় বলেন, শত ব্যস্ততার মধ্যে হাজার হাজার সম্মানিত নাগরিক যোগদান করে অনুষ্ঠানটিকে সাফল্য মন্ডিত করেছেন। তাই আপনাদের প্রতি আমি কৃতজ্ঞ। তিনি আরো বলেন যে, আমি গত ১৩ বছরে ষড়যন্ত্রের কাছে মাথা নত করি নাই এবং আগামীতেও করবো না। আপনাদের সাথে নিয়ে সকল বাধা উপেক্ষা করে জনস্বার্থে উন্নয়ণ কাজ করবো এবং নাগরিক সেবা দিয়ে যাব। তিনি আরো বলেন যে, শুধু এই অনুষ্ঠানের মাধ্যমে নয়, আমরা নগর তথ্যসেবা কেন্দ্র ও বিভিন্ন সভা/সেমিনারের মাধ্যমে স্বচ্ছতার পরীক্ষা দিচ্ছি এবং উত্তীর্ন হয়েছি। তাই আপনার সাথে থাকবেন, সকল বাধা অতিক্রম করবো। আপনারা ভাল থাকবেন, নাগরিক দায়িত্ব পালন করবেন।
-- আল্লাহ্ হাফেজ।

(এ,এফ,এম, এহতেশামুল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোনঃ ৭৬৩৩৪২৩
E-mail:ceo@ncc.gov.bd

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগরভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## ২৩ শে এপ্রিল ২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" এর প্রতিবেদন।

১। জনগণের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিদা নিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠানে অত্র সিটি কর্পোরেশনের কয়েক হাজার বিভিন্ন পেশা ও বয়সের সম্মানিত নাগরিক এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত হন। বিকাল ০৩:০০ ঘটিকায় মাননীয় মেয়র, কাউন্সিলরবৃন্দ ও সম্মানিত নাগরিকগনের আসন গ্রহণের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এ অনুষ্ঠানে অংশগ্রহণকারী বিভিন্ন বয়স ও পেশার ২৪ জন নাগরিকের স্বাক্ষাতকার গ্রহণ করা হয়। উক্ত অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের জবাবে এ প্রতিবেদন প্রস্তুত করা হয়।

২। জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন অনুষ্ঠানে আলোচ্যসূচী ছিল নিম্নরূপঃ

(ক) সিজিপি (সিটি গর্ভনেন্স প্রকল্প) সম্পর্কে আলোচনা।
(খ) ট্যাক্স সম্পর্কিত আলোচনা।
(গ) ই-গভার্নেন্স।
(ঘ) পরিবেশ ও উন্নয়ণ।
(ঙ) নারীর ক্ষমতায়ন।
(চ) নাগরিক সেবা।
(ছ) চলমান উন্নয়ণ প্রকল্প।
(জ) ভবিষ্যৎ উন্নয়ণ প্রকল্প।
(ঝ) দারিদ্র হ্রাসকরণ কার্যক্রম।
(ঞ) জন্ম নিবন্ধন।
(ট) লাইসেন্স নবায়ন।
(ঠ) বিবিধ।

৩। জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন অনুষ্ঠান শেষে অতিথি ও স্টেকহোল্ডার সংগঠনের প্রতিনিধিদের কাছ থেকে ইভেন্ট সম্পর্কে মন্তব্য।

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | আলমগীর হোসেন<br>শিক্ষাকতা, নারায়ণগঞ্জ উচ্চ বিঃ | আমার কাছে অনুষ্ঠানটি খুব ভাল লেগেছে। এই অনুষ্ঠানের মাধ্যমে নাগরিকতার সমস্যা গুলো সরাসরি সিটি কর্পোরেশন এর কাছে প্রকাশ করার সুযোগ পাচ্ছে। |
| ০২ | ইয়াসমিন সুলতানা<br>শিক্ষাকতা, বংশাল সরকারি প্রাঃ বিঃ | আমার মতে জনতার মুখোমুখি অনুষ্ঠানটি আমাদের নগর উন্নয়ণে অগ্রনী ভূমিকা রাখবে আগামীতে অনুষ্ঠানটি আরো জাঁকজমক পূর্ন করা উচিত। |

| | | |
|---|---|---|
| ০৩ | এডঃ আশিকুর রহমান<br>আইনজীবী | আমার কাছে সবচেয়ে ভালো লেগেছে যে বিষয়টা তাহলো জনগনের সাথে সিটি কর্পোরেশনের মেয়র এর সরাসরি যোগাযোগ ও আন্তরিকতা। |
| ০৪ | এডঃ জিয়াউল ইসলাম কাজল<br>আইনজীবী, নারায়ণগঞ্জ জজ কোর্ট | জনতার মুখোমুখি অনুষ্ঠানটি আমাদের নগর উন্নয়ণের পথে অনেক বড় ধরনের ভূমিকা রাখবে বলে আমি মনে করি। এই নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর সকল কর্মীবৃন্দের জানাই ধন্যবাদ। এই রকম অনুষ্ঠান পরিচালনার জন্য। |
| ০৫ | মোঃ মতিউর রহমান<br>ব্যবসায়ী | এই ধরনের অনুষ্ঠানের মাধ্যমে নাগরিক সেবার মান উন্নয়ণ করা সম্ভব। |
| ০৬ | রেজাউল হক<br>ব্যবসায়ী | এই রকম অনুষ্ঠানের মাধ্যমে সিটি কর্পোরেশন এর উন্নয়ণ কার্যক্রম এগিয়ে নেয়া সম্ভব। |
| ০৭ | খোকন মিয়া<br>চাকুরীজিবী | জনতার মুখোমুখি অনুষ্ঠানটি নিয়ে আমি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনকে ধন্যবাদ জানাই। এইরকম অনুষ্ঠান আমাদের ভবিষ্যৎ জীবনে উপকার আসবে। |
| ০৮ | মাহমুদুল হাসান<br>শ্রমিক | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর প্রতি ৬ মাস অন্তর অন্তর এই রকম সরাসরি জনতার মুখোমুখি অনুষ্ঠান করা উচিত। |
| ০৯ | বাপ্পি<br>ব্যবসায়ী | এই রকম জনগনের মুখোমুখি অনুষ্ঠান নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর উন্নয়ণ আরো এগিয়ে নিয়ে যাবে আমি মনে করি। |
| ১০ | সেলিনা বেগম<br>গৃহিনী | আমার কাছে মনে হয় প্রোগামটির মাধ্যমে আমাদের অংশগ্রহণ হলো এবং আগামীতে নগর উন্নয়নের ক্ষেত্রে ভালো হবে। |
| ১১ | মোঃ আইয়ুব মিয়া<br>রিক্সা চালক | আমার কাছে ভালো লাগছে অনুষ্ঠানটি এমন অনুষ্ঠান আরো হওয়া উচিত। |
| ১২ | ডাঃ শাহিনা সুলতানা<br>চিকিৎসক | আমার কাছে অনুষ্ঠানটি খুব ভাল লেগেছে। এর মাধ্যমে স্বচ্ছতা নিশ্চিত হলো। |
| ১৩ | মোঃ গফুর রহমান<br>ব্যবসায়ী | অনুষ্ঠানটি খুবই ভালো লাগল। জনতার সাথে সিটি কর্পোরেশন এর সরাসরি যোগাযোগ নগর উন্নয়নে ভূমিকা রাখবে। |
| ১৪ | জালাল মুন্সী<br>নির্মাণ শ্রমিক | জনগনের সামনে দাঁড়িয়ে মেয়র যে বক্তৃতা দিচ্ছেন সেটা দেখে আমার অনেক ভালো লেগেছে। এ অনুষ্ঠানের মাধ্যমে জনগন তাদের মনের আশা ব্যক্ত করতে পারে। তাই মাঝে মাঝে এ ধরনের অনুষ্ঠান হওয়া উচিত। |
| ১৫ | মোঃ আব্দুল রউফ<br>ইমাম | জনতার মুখোমুখি অনুষ্ঠানের মাধ্যমে আমরা অনেক বিষয় নিয়ে প্রশ্ন করতে পারি এবং এই অনুষ্ঠান প্রতি বছর হওয়া উচিত বলে আমি মনে করি। এ অনুষ্ঠান আমাদের অনেক ভালো লাগে। |
| ১৬ | আলী আকবর<br>ব্যবসায়ী | মেয়রের বক্তৃতা আমার খুব ভালো লাগছে। তাই এ রকম অনুষ্ঠান আমরা বার বার হোক এটাই চাই। |
| ১৭ | হযরত মিয়া<br>শ্রমিক | মানুষের কাছে জবাব দেওয়ার একটা ভালো নিদর্শন বলে মনে করি। |

| | | |
|---|---|---|
| ১৮ | ডাঃ মুর্তুজা রহমান<br>শিশু চিকিৎসক | সুন্দর একটি অনুষ্ঠান উপহার দেবার জন্য মেয়র সাহেবকে ধন্যবাদ জানাই। এন.সি.সি এর মাধ্যমে ই-সেবা পাওয়া যায়, সেটা ভেবে আমি অভিভূত। |
| ১৯ | মোঃ ময়েজ মিয়া<br>ব্যবসায়ী | এ ধরনের অনুষ্ঠান নাগরিকদের অংশগ্রহণ নিশ্চিত করণের মাধ্যমে সিটি কর্পোরেশনের উন্নয়ণ কার্যক্রম এগিয়ে নিতে সাহায্য করবে। ভতিষ্যতে এ ধরনের অনুষ্ঠান আরো হওয়া উচিত বলে আমি মনে করি। |
| ২০ | বজলুর রহমান<br>সেনা সদস্য | আমাদের অনুষ্ঠান ভাল লাগছে। স্বচ্ছতা ও জবাব দিহিতার একটা ভালো নিদর্শন বলে মনে হয় এই অনুষ্ঠানটি। |
| ২১ | মমতাজ আক্তার<br>গৃহিনী | এ ধরনের অনুষ্ঠান নাগরিকদের অংশগ্রহণের মাধ্যমে নগর উন্নয়ণে বিশেষ ভাবে এগিয়ে নিয়ে যেতে পারে বলে আমি মনে করি। ভবিষ্যতে এ ধরনের প্রোগাম আরো হওয়া উচিত বলে আমি মনে করি। |
| ২২ | সামসুল রহমান<br>ব্যবসায়ী | মেয়র সাহেবের সামনে দাড়িয়ে আমরা যে প্রশ্ন করতে পেরেছি, সেটা ভালো লাগার মত। আমি মনে করি এ রকম অনুষ্ঠান প্রতি বছর হোক। |
| ২৩ | সাজেদা বেগম<br>বুটিক্স ব্যবসায়ী | এন.সি.সি পরিবেশ নিয়ে কাজ করছে, আগে জানতাম না। তাই এই অনুষ্ঠান আমার ভালো লেগেছে। |
| ২৪ | শামসুন নাহার<br>গৃহিনী | এই অনুষ্ঠান আমার কাছে ভালো লেগেছে। তাই আমি বলতে চাই এ রকম অনুষ্ঠান প্রতি বছর যদি হয় তাহলে মেয়রের সামনা-সামনি আমরা প্রশ্ন করতে পারি এবং আমাদের সমস্যার কথাগুলো আমরা মেয়রকে জানাতে পারি। |

৪। জনগনের প্রতিক্রিয়ার (মতামত,দাবী/অভিযোগ) বর্ণনা।

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | আলমগীর হোসেন<br>শিক্ষাকতা, নারায়ণগঞ্জ উচ্চ বিঃ | নগর উন্নয়ণ পরিকল্পনা নিয়ে। |
| ০২ | ইয়াসমিন সুলতানা<br>শিক্ষাকতা, বংশাল সরকারি প্রাঃ বিঃ | ১। নাগরিকদের অধিকার সমূহ যাচাই করণ।<br>২। নাগরিক সেবা ঠিকমত দেয়া হচ্ছে কিনা। |
| ০৩ | এডঃ আশিকুর রহমান<br>আইনজীবী | ১। ওয়ার্ড ভিত্তিক পাঠাগার স্থাপন।<br>২। বর্জ্য ব্যবস্থাপনার ও ডাম্পিং এর উন্নত ব্যবস্থা করণ।<br>৩। মাদক বিরোধী সভার ব্যবস্থা রাখা। |
| ০৪ | এডঃ জিয়াউল ইসলাম কাজল<br>আইনজীবী, নারায়ণগঞ্জ জজ কোর্ট | ১। মৌলিক চাহিদা ঠিকমতো দেয়া হচ্ছে কিনা।<br>২। নাগরিক অধিকার সমূহ যাচাই করন। |
| ০৫ | মোঃ মতিউর রহমান<br>ব্যবসায়ী | নগর পরিকল্পনা নিয়ে আলোচনা। |
| ০৬ | রেজাউল হক<br>ব্যবসায়ী | ১। শীতলক্ষা সেতুর বাস্তবায়ন।<br>২। ওয়াটার বাস।<br>৩। ওভার ব্রীজ। |

| | | |
|---|---|---|
| ০৭ | খোকন মিয়া<br>চাকুরীজিবী | ১। নারীদের আত্মনির্ভরশীল গড়ে তোলার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা।<br>২।স্বাস্থ্য সচেতনতার জন্য নারীদের জন্য জিম তৈরী করা ও প্রশিক্ষক দ্বারা পরিচালিত করা। |
| ০৮ | মাহমুদুল হাসান<br>শ্রমিক | নগর পরিকল্পনা নিয়ে আলোচনা। |
| ০৯ | বাপ্পি<br>ব্যবসায়ী | ১। সন্ত্রাস নির্মূল, মাদক নিমূলের বিষয়।<br>২। বাসষ্ট্যান্ড শহর এর বাহিরে স্থাপন করা। |
| ১০ | সেলিনা বেগম<br>গৃহিনী | নগর পরিকল্পনা নিয়ে আলোচনা। |
| ১১ | মোঃ আইয়ুব মিয়া<br>রিক্সা চালক | ১। অবকাঠামো উন্নয়ণ।<br>২। রাস্তাঘাট এর পরিচালনা ও ব্যবস্থাপনা। |
| ১২ | ডাঃ শাহিনা সুলতানা<br>চিকিৎসক | ১। নগর উন্নয়ণ নিয়ে ভবিষ্যৎ পরিকল্পনা।<br>২। উন্নয়ণ সম্পর্ক বাজেট থাকা।<br>৩। কোন কোন খাত থেকে অর্থ আসবে এবং তা ব্যবহারের সুনির্দিষ্ট পরিকল্পনা। |
| ১৩ | মোঃ গফুর রহমান<br>ব্যবসায়ী | ১। এনসিসির কাছে যে তথ্য থাকে বা আসে সেটা জনগনের মধ্যে ছড়িয়ে দেওয়া উচিত।<br>২। এনসিসি যে কাজ করে থাকে বা আয়-ব্যয় করে সেটা জনগণকে জানানো উচিৎ। |
| ১৪ | জালাল মুন্সী<br>নির্মাণ শ্রমিক | ১। শীতলক্ষা সেতু বাস্তবায়ন।<br>২। বর্জ্য ব্যবস্থাপনা উন্নত করণ।<br>৩। আধুনিক পৌর হাসপাতাল তৈরী করা। |
| ১৫ | মোঃ আব্দুল রউফ<br>ইমাম | ১। বস্তিবাসীর জন্য কিছু উন্নত কাজ করা।<br>২। বস্তিবাসীর জন্য উন্নত শিক্ষার ব্যবস্থা করা ও চিকিৎসা ভাতা প্রদান করা। |
| ১৬ | আলী আকবর<br>ব্যবসায়ী | ১। নগর উন্নয়ণ পরিকল্পনা নিয়ে।<br>২। মহিলাদের জন্য সিটি কর্পোরেশনের আওতায় একটি ফিটনেস সেন্টার এর। |
| ১৭ | হযরত মিয়া<br>শ্রমিক | ১। স্কুল, কলেজ আজ অনেক জঙ্গি-সন্ত্রাস যাদের কারনে আমরা ছাত্র-ছাত্রীকে স্কুলে পাঠাতে ভয় পাই।<br>২। নগর উন্নয়ণ রাস্তা-ঘাট উন্নয়ণ ড্রেন উন্নয়ণ যানজট নিরোশন। |
| ১৮ | ডাঃ মুর্তুজা রহমান<br>শিশু চিকিৎসক | ১। পানি সমস্যা ময়লা-আবর্জনা সমস্যা যানজট ইত্যাদি সমস্যা। যানজট নিরসনে ট্রাফিক পুলিশ আরো বাড়ানো দরকার বলে আমি মনে করি। |
| ১৯ | মোঃ ময়েজ মিয়া<br>ব্যবসায়ী | ১। সিটি কর্পোরেশন কর্তৃক আয়-ব্যয় বাজেট জনগনের কাছে জানানো।<br>২। কোন কোন খাত থেকে আয় ও ব্যয় আসে তার একটি সুনির্দিষ্ট পরিকল্পনা তৈরী করা। |

| | | |
|---|---|---|
| ২০ | বজলুর রহমান<br>সেনা সদস্য | ১। বস্তি উন্নয়ণ, শিক্ষার ব্যবস্থা করা নগর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।<br>২। ময়লা-আবর্জনা নিদিষ্ট স্থানে ফেলানো, বায়ু দুষন মুক্ত রাখা। |
| ২১ | মমতাজ আক্তার<br>গৃহিনী | ১। তবে আরো অনেক বিষয়সমূহ অন্তর্ভূক্তকরণ করা যেতে পারে। এতে করে জনগণের অংশ গ্রহণ আরো বাড়বে। |
| ২২ | সামসুল রহমান<br>ব্যবসায়ী | ১। শীতলক্ষ্যা নদীকে আরো উন্নত করা হক।<br>২। অনেক জায়গায় দেখা যায় যে, ড্রেন বন্ধের কারনে বায়ু দূষিত ও ময়লা-আবর্জনার কারনে জনগণের সমস্যা হচ্ছে সে বিষয়ে আলোচনা করা। |
| ২৩ | সাজেদা বেগম<br>বুটিক্স ব্যবসায়ী | ১। চিকিৎসার ব্যবস্থা করা।<br>২। বিনোদনমূলক একটি পার্ক ও রাস্তা-ঘাট এবং মাদক ব্যবসা বন্ধ করা। |
| ২৪ | শামসুন নাহার<br>গৃহিনী | ১। নাগরিকদের অধিকার সমূহ যাচাই করণ।<br>২। মৌলিক চাহিদা ঠিকমত দেওয়া হচ্ছে কিনা।<br>৩। এন.সি.সি সম্পর্কে সঠিক তথ্য দেওয়া। |

৫। "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠানের প্রস্তাবিত বাজেট ও প্রকৃত ব্যয় ঃ

| ক্রঃ নং | আইটেম | প্রস্তাবিত বাজেট | প্রকৃত ব্যয় |
|---|---|---|---|
| ০১ | ডেকোরেশন | ৩,২০,০০০/- | ৩,০০,০০০/- |
| ০২ | মাইকিং | ৪০,০০০/- | ৪০,০০০/- |
| ০৩ | ব্যানার | ৩৫,০০০/- | ৩৩,০০০/- |
| ০৪ | আমন্ত্রন কার্ড | ৩৮,০০০/- | ৩৫,০০০/- |
| ০৫ | ভিডিও | ১৬,০০০/- | ১৫,০০০/- |
| ০৬ | ফটোগ্রাফি | ১০,০০০/- | ১০,০০০/- |
| ০৭ | পানীয় | ১৫,০০০/- | ১৬,০০০/- |

৬। প্রশ্নাবলী সংক্রান্ত সংক্ষিপ্ত ফলাফলঃ- সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ ও কার্যক্রম সম্পর্কে সঠিক ধারনা ও দাবীসমূহ বাস্তবায়নের সম্ভাব্য সময় সম্পর্কে জনগন অবগত হলেন।

৭। অংশগ্রহণকারী ঃ-

| ক্রঃ নং | অংশগ্রহণকারীর ধরন | সংস্থা (সংখ্যায়) | প্রধান প্রধান নাম |
|---|---|---|---|
| ০১ | আমন্ত্রিত অতিথি | ১,২০০ | সিএসসিসি, সিডিসিসি, ডব্লিউএলসিসি, পঞ্চায়েত কমিটি, ও নাগরিক বৃন্দ। |
| ০২ | জাতীয় সংস্থা | ৫৫ | জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, এলজিইডি, মহিলা পরিষদ, রাজনৈতিক দল ও অন্যান্য। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | প্রাইভেট সেক্টর | ২৯০ | চেম্বর অফ কমার্স, বি.কে.এম.ই.এ, হোসিয়ারী মালিক সমিতি, ইয়াং মার্চেন্ট এসোসিয়েশন, বাস মালিক সমিতি, রেস্তোরা মালিক সমিতি, লবন মালিক সমিতি ও অন্যান্য। |
| ০৪ | বেসরকারী সংস্থা | ২৪০ | আশা, ব্রাক, এইড বাংলাদেশ, গ্রামীন ব্যাংক, সাজেদা ফাউন্ডেশন, বি.এম.এ, ফুটবল এসোসিয়েশন, বঙ্গবীর সংসদ, নারায়ণগঞ্জ হার্ড ফাউন্ডেশন, উত্তরণ সংসদ ও অন্যান্য। |
| ০৫ | অন্যান্য সংস্থা | ২০০ | নাগরিক কমিটি, প্রেসক্লাব, আমরা নারায়ণগঞ্জবাসী, সিডিসি, বস্তি উন্নয়ন ফেডারেশন, সিডিসি, খেলাঘর, সম্মিলিত সাংস্কৃতিক জোট, বার এসোসিয়েশন, শিক্ষক সমিতি ও অন্যান্য। |

"জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠান শেষে বিভিন্ন পেশা ও বয়সের ২৪ জন অংশগ্রহণকারীর সাক্ষাতকার গ্রহণ করা হয়, যার ভিত্তিতে এ প্রতিবেদন প্রস্তুত করা হলো।

(এ,এফ,এম, এহতেশামূল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোনঃ ৭৬৩৩৪২৩
E-mail: ceo@ncc.gov.bd